ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৯৯ ● কলকাতা ● ২৯ চৈত্র, ১৪৩১ ● শনিবার ● ১২ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## রেডরোডে হনুমান জয়ন্তীতে অনুমতি দিলো না আদালত



বেবি চক্রবর্ত্তী: কলকাতা

যেহেতু রেডরোডে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে ঈদ উৎসব পালন করা হয়, তাই একটি হিন্দুবাদী সংগঠন দাবি করে হনুমান জয়ন্তীর দিন তাদের অনুষ্ঠান করার অনুমতি দিতে হবে। পুলিশ আপত্তি তুললে তারা আদালতে যান। কিন্তু শুক্রবার আদালত স্পষ্টত ওই অনুষ্ঠান করার অনুমতি দেন নি। এদিন বিচারপতি জানান, এই মামলায় হলফনামা আদান প্রদানের

এরপর ৩ পৃষ্ঠায়

## কাশীতে উন্নয়নের বার্তা, ধর্ষণকাণ্ডে ক্ষোভ—দুই সুরে মোদী




বেবি চক্রবর্ত্তী:দিল্লি

প্রধানমন্ত্রীর বারাণসী সফরে ৩,৮৮০ কোটির প্রকল্প, কড়া বার্তা পুলিশের উদ্দেশে নিজের লোকসভা কেন্দ্র বারাণসীতে শুক্রবার পঞ্চমবারের মতো পা রাখলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সফরটা ছিল একদিকে উন্নয়নমূলক, অন্যদিকে কঠোর বার্তা দেওয়ার। এদিন মোট ৩,৮৮০ কোটি টাকার একাধিক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। তবে সফরের শুরুতেই ছায়া ফেলল শহরের সাম্প্রতিক নাবালিকা ধর্ষণকাণ্ড।

বারাণসী বিমানবন্দরে অবতরণের পরপরই পুলিশকর্তারা প্রধানমন্ত্রীকে এই ঘটনাটি নিয়ে বিস্তারিত অবহিত করেন। একে "ঘৃণ্য ও বর্বরোচিত" বলে উল্লেখ করে মোদী জানান, অভিযুক্তদের যেন কঠোরতম শাস্তি দেওয়া হয়। একইসঙ্গে, ভবিষ্যতে যাতে এমন নারকীয় ঘটনা আর না ঘটে, সে দিকেও পুলিশকে সজাগ থাকার নির্দেশ দেন তিনি।১৯ বছর বয়সী নির্যাতিতা অভিযোগ করেছেন, টানা সাত

এরপর ৩ পাতায়






# পেনশন বিতরণের জন্য ভারত সরকারের কেন্দ্রীয় পেনশন অ্যাকাউন্টিং অফিস কর্তৃক অনুমোদিত আইডিএফসি ফার্স্ট ব্যাংক

## প্রবীণ নাগরিকদের জন্য এক্সক্লুসিভ সুবিধা এবং পারিবারিক পেনশনের ধারাবাহিকতা সহ নিরবচ্ছিন্ন পেনশন ক্রেডিট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**3 এপ্রিল ২০২৫, মুম্বাই:** আইডিএফসি ফার্স্ট ব্যাংক আজ ঘোষণা করেছে যে ভারত সরকারের সেন্ট্রাল পেনশন অ্যাকাউন্টিং অফিস (সিপিএও) তাদের পক্ষ থেকে পেনশন বিতরণের জন্য অনুমোদিত হয়েছে। এর ফলে ব্যাংক কেন্দ্রীয় সরকারের পেনশনভোগীদের পেনশন বিতরণ করতে পারবে - যার মধ্যে রয়েছে - সর্বভারতীয় পরিষেবা কর্মকর্তা, প্রাক্তন সংসদ সদস্য, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারক, ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি এবং উপরাষ্ট্রপতি, এবং সিভিল মিনিস্টারিজ এবং ডিপার্টমেন্টের কর্মকর্তারা (রেলওয়ে, ডাক, টেলিকম এবং ডিফেন্স ব্যতীত)। এবং পেনশনভোগীরা এখন সরাসরি তাদের আইডিএফসি ফার্স্ট ব্যাংক সেভিংস অ্যাকাউন্টে তাদের পেনশন পেতে পারেন। টেকনিকাল দৃষ্টিকোণ থেকে, CPAO, GOI এবং আইডিএফসি ফার্স্ট ব্যাংক এর মধ্যে একীকরণ সম্পূর্ণ এবং এই ধরনের পেনশন বিতরণের জন্য প্রস্তুত।

পেনশনভোগীরা পেনশন পাওয়ার জন্য তাদের স্বামী/স্ত্রীর সাথে যৌথভাবে একটি আইডিএফসি ফার্স্ট ব্যাংক সেভিংস অ্যাকাউন্টও খুলতে পারেন। প্রাথমিক পেনশনভোগীর মৃত্যুর ক্ষেত্রে, স্বামী/স্ত্রী একই অ্যাকাউন্টে ফ্যামিলি পেনশন পেতে পারেন।

## ত্রিবেণীর প্রাচীন মনসা মা মন্দির পুনর্নির্মাণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**হুগলি।** জেলার ত্রিবেণীর পালপাড়ায় অবস্থিত জন আস্থার প্রতীক মনসা মাতার প্রাচীন মন্দির পুনর্নির্মিত হল।

মন্দির উদ্বোধন করেন স্বামী পুরুষোত্তম রামানুজ মহারাজ। উপরোক্ত তথ্যটি মন্দিরের পুরোহিত এবং প্রশাসক জ্ঞানানন্দ সরস্বতী মহারাজ দিয়েছেন। তিনি জানান যে উক্ত মন্দিরটি আনুষ্ঠানিকভাবে ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং তখন থেকে এটি মানুষের বিশ্বাসের প্রতীক। জ্ঞানানন্দ সরস্বতী মহারাজ জানান, এই মন্দিরে মাতা মনসা দেবীর স্বামী ঋষি জরৎকারু এবং তাঁর পুত্র আস্তিক ছাড়াও 'সতী বিহুলা' বালা লখন্দরের মূর্তি রয়েছে।

## মোবাইল টাওয়ার বসানোর প্রস্তাব দিয়ে লক্ষাধিক টাকা প্রতারণার অভিযোগে গ্রেপ্তার এক

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি**



হরিপাল থানার হরিশপুর গ্রামের নিধন মালিক গত ২০২২ সালের ডিসেম্বর মাসে হরিপাল থানায় এসে অভিযোগ জানান যে একটি কোম্পানি ফোনের মাধ্যমে তাকে জানায় যে, তারা নিধন বাবুর জমি সার্ভে করেছে এবং সেই জমিতে তারা একটি নামি কোম্পানির মোবাইল টাওয়ার বসাতে ইচ্ছুক। যার মাধ্যমে অভিযোগকারী নিধন বাবু কিছু টাকা উপার্জন করতে পারবেন এবং তার ছেলেকেও একটি চাকরি দেওয়া হবে। কোম্পানির এই প্রস্তাবে অত্যন্ত খুশি হয়ে রাজি হয়ে যান নিধন বাবু , এবং কোম্পানি মোবাইল ফোন মারফৎ কথাবার্তার মাধ্যমে মোবাইল টাওয়ার বসানোর বিভিন্ন কাজের খরচ হিসেবে নিধন বাবু ধাপে ধাপে টাকা ওই ভুয়ো কোম্পানির আকাউন্ট এ পাঠাতে থাকেন। এইভাবে মোট ১, ৪৩, ০০০ টাকা তিনি ওই ব্যাক্তিদের দিয়ে ফেলেন। পরে কোনোরকম আর উত্তর না পেয়ে বুঝতে পারেন যে তিনি প্রতারণা চক্রের শিকার হয়েছেন, এদিকে নিধন বাবুর ওই অভিযোগের ভিত্তিতে গত ডিসেম্বর ২০২২ এ হরিপাল থানায় একটি কেস রুজু হয়। বিভিন্ন রকম টেকনিক্যাল এভিডেন্স এর সাহায্য নিয়ে হুগলি গ্রামীন পুলিশের হরিপাল থানার ইনভেস্টিগেশন অফিসার এই প্রতারণা চক্রের মূল চক্রি বুদ্ধদেব মাজী কে দীর্ঘক্ষন জিজ্ঞাসাবাদ এর পরে গ্রেপ্তার করেন , বৃহস্পতিবার পুলিশ তাকে চন্দননগর মহুকুমা আদালতে পেশ করলে আদালত তার পুলিশ হেফাজতের নির্দেশ দেন।বর্তমানে এই চক্রের সাথে আর কে কে জড়িত আছেন তা ক্ষতিয়ে দেখছেন তদন্তকারী পুলিশ টিম।







(১ম পাতার পর)

# কাশীতে উন্নয়নের বার্তা, ধর্ষণকাণ্ডে ক্ষোভ—দুই সুরে মোদী

দিন ধরে ২৩ জন ব্যক্তি মিলে তাঁকে ধর্ষণ করেছে। এখনও পর্যন্ত পুলিশ মাত্র ৯ জনকে গ্রেফতার করেছে। বাকি অভিযুক্তদের ধরতে তৎপরতা বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।এদিনের জনসভায় রাজনৈতিক বক্তব্যের পাশাপাশি প্রধানমন্ত্রী তুলে ধরেন বারাণসীর উন্নয়নের খতিয়ান। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ও রাজ্যপাল আনন্দীবেন প্যাটেলের উপস্থিতিতে তিনি শিববন্দনা দিয়ে ভাষণ শুরু করেন। ভোজপুরী ভাষায় স্থানীয়দের উদ্দেশে বলেন, "আমি কাশীর, কাশী আমার।মোদী বলেন, “কাশী এখন কেবল প্রাচীন ঐতিহ্যের শহর নয়, আধুনিক ভারতের প্রতীক হয়ে উঠেছে। দেশের সামনে এখন কাশী একটি উন্নয়নের মডেল।রাজনৈতিক আক্রমণাত্মক মেজাজে মোদী কংগ্রেস ও সমাজবাদী পার্টির নাম না করে বলেন, “যারা শুধু নিজেদের পরিবার ও স্বার্থ দেখে, তারা দেশের উন্নয়নের পথে বাঁধা।উনিশ শতকের সমাজ সংস্কারক জ্যোতিবা ফুলের জন্মবার্ষিকীতে নারীর ক্ষমতায়নের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। জানান, নারী সুরক্ষা ও অধিকার রক্ষায় কেন্দ্র সরকার একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে।সবশেষে একটি আশ্চর্য ঘোষণা—মোদী জানিয়েছেন, ২০৩৬ সালের অলিম্পিক গেমস ভারতে আনার জন্য জোরকদমে প্রস্তুতি নিচ্ছে কেন্দ্র সরকার।বারাণসী সফরে মোদীর বার্তা ছিল তাই দ্বিমুখী—একদিকে উন্নয়নের সুর, অন্যদিকে অপরাধ দমন নিয়ে কড়া হুঁশিয়ারি।

(১ম পাতার পর)

# রেডরোডে হনুমান জয়ন্তীতে অনুমতি দিলো না আদালত

প্রয়োজন রয়েছে। রাজ্যকে ৬ সপ্তাহের মধ্যে হলফনামা দিতে হবে। তার দু সপ্তাহের মধ্যে উত্তর দেবেন মামলাকারী। জুলাই মাসে পরবর্তী শুনানি হবে। রেড রোডেই এই কর্মসূচি কেন করতে হবে? অন্য সম্প্রদায় করে বলেই অনুমতি দিতে হবে? এদিন মামলাকারীর আইনজীবীকে এমনই প্রশ্ন করেন বিচারপতি।

প্রসঙ্গত, ১২ এপ্রিল শনিবার রেড রোডে হনুমান জয়ন্তী উপলক্ষ্যে কর্মসূচি করতে চায় হিন্দু সেবা দল। ভোর ৫ টা থেকে সকাল ১১ টা পর্যন্ত হনুমান চালিশা পাঠ করতে চায় হিন্দু সেবা দল। ৩০০০ ব্যক্তিকে নিয়ে কর্মসূচি করতে চান তারা। মামলাকারীর দাবি, ইতিমধ্যেই সেনা অনুমতি দিয়েছে। যদিও বিচারপতির প্রশ্ন, "কবে থেকে রেড রোডে এই অনুষ্ঠান হয়?" জবাবে মামলাকারীর আইনজীবী জানান, "এবারই প্রথম হচ্ছে। অন্য ধর্মাবলম্বী মানুষেরাও রেড রোডে ধর্মীয় কর্মসূচি পালন করেন।" রেড রোডের ইদের অনুষ্ঠান নিয়ে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ মামলাকারীর উদ্দেশ্যে জানান, "আপনি কি ঐ অনুষ্ঠানের ইতিহাস জানেন? ১৯১৯ খিলাফত আন্দোলনের সময় থেকে ওই অঞ্চলে ওই অনুষ্ঠান হয়ে আসছে। আগে ওই অনুষ্ঠান শহিদ মিনারে হতো। জল জমার সমস্যার কারণে সেটা রেড রোডে পরিবর্তন করা হয়, সম্ভবত ১৯৯৮ বা ১৯৯৯ সালে। ১০০ বছর ধরে এই কর্মসূচি হয়ে আসছে।

# লাঠির বদলে গোলাপ! অভিনব প্রতিবাদে শিক্ষার ছাপ রাখলেন চাকরিহারা শিক্ষকরা

**বেবি চক্রবর্তী:কলকাতা**

চাকরি হারিয়ে অসহায় পরিস্থিতিতে দাঁড়িয়ে থাকা শিক্ষক-শিক্ষাকর্মীরা শুক্রবার পথে নামলেন একেবারে অন্য এক প্রতিবাদের ভাষা নিয়ে। যেখানে এতদিন বিক্ষোভের আগুন, অনশন বা পুলিশের সঙ্গে ধস্তাধস্তির ছবি সামনে এসেছে, সেখানে এদিন দেখা গেল সম্পূর্ণ ভিন্ন এক দৃশ্য।লাঠি বা স্লোগান নয়—পুলিশের হাতে তুলে দেওয়া হল লাল গোলাপ। রোদ-ঝড় উপেক্ষা করে শহরের রাস্তায় দাঁড়িয়ে চাকরিহারা শিক্ষকরা যেন বুঝিয়ে দিলেন, তাঁরা শুধু শিক্ষকই নন, তাঁরা শান্তিপূর্ণ প্রতিবাদের এক নতুন মডেলও।অনেকেই বলছেন, এই প্রতিবাদে শিক্ষকতার আসল ছাপ ধরা পড়েছে। ‘শিক্ষক শুধু পড়ান না, শিক্ষাও দেন।’—এই বার্তাই যেন ছড়িয়ে দিলেন তারা। এক পুলিশকর্মীর কথায়, “এরকম শান্তিপূর্ণ প্রতিবাদে মুগ্ধ।

এরপর ৬ পাতায়

# দীর্ঘদিন ধরে অসুস্থতার কারণে চলে গেলেন চাষার ব্যাটা আব্দুর রেজ্জাক মোল্লা, শোক প্রকাশ রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিভিন্ন মহল থেকে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলে গেলেন দীর্ঘদিনের বাম পন্থী নেতা রেজ্জাক মোল্লা।শুক্রবার দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের মিলন বাজারের কাছে বাঁকড়া গ্রামের বাড়িতে তাঁর মৃত্যু হয়,মৃত্যুকালে রেজ্জাক মোল্লার বয়স হয়েছিল ৮১। পরিবার সূত্রে খবর, পৈতৃক ভিটেতেই তাঁর দেহ সমাধিস্থ করা হয়। গত চার-পাঁচ বছর ধরে ওই বাড়িতেই থাকছিলেন তিনি। রেজ্জাক মোল্লার প্রয়াণে শোক প্রকাশ করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন মহল থেকে। ডায়মন্ড হারবার দুই নম্বর ব্লক সভাপতি অরুময় গায়েন বলেন আব্দুর রেজ্জাক মোল্লার প্রয়ানে আমি শোকাহত ও মর্মাহত। তাঁকে আমি শ্রদ্ধা করতাম, সম্মান করতাম। বাংলার গ্রামজীবন, কৃষি-অর্থনীতি ও ভূমি-সংস্কার বিষয়ে তাঁর জ্ঞান ও অভিজ্ঞতা ছিল সুবিদিত। তাই এক সময় অন্য ধারার রাজনীতি করলেও, মা-মাটি-মানুষের সরকারে সে মিলিত হয়ে যায়। তাঁর প্রয়াণে বাংলার রাজনৈতিক জীবনে অপূরণীয় শূন্যতার সৃষ্টি হল। আমি তাঁর পরিবারবর্গ, অসংখ্য অনুগামী ও শুভানুধ্যায়ীকে আমার আন্তরিক সমবেদনা জানাই।পরিবার সূত্রে খবর, দীর্ঘ দিন ধরেই বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন । অনেক দিন ধরে দূরেও ছিলেন সক্রিয় রাজনীতি থেকে। ১৯৭২ সালে ভাঙড় বিধানসভা থেকে সিপিএমের টিকিটে জিতে প্রথম বার বিধায়ক হয়েছিলেন রেজ্জাক মোল্লা। নিজেকে ‘চাষার ব্যাটা’ বলে পরিচয় দিতে ভালবাসতেন। তিনি প্রথম বার মন্ত্রী হন ১৯৮২ সালে। বামফ্রন্টের ভূমি সংস্কার দফতরের মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব

এরপর ৫ পাতায়

## সম্পাদকীয়

### শক্তি, সড়ক, রেল ও জল সংক্রান্ত ৪৬,৩০০ কোটি টাকারও বেশি একগুচ্ছ প্রকল্পের সূচনা ও শিলান্যাস করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রাজস্থান সরকারের প্রথম বর্ষপূর্তি উপলক্ষে রাজস্থানের জয়পুরে 'এক বর্ষ-পরিণাম উৎকর্ষ' শীর্ষক অনুষ্ঠানে যোগ দেন। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী প্রথম বর্ষপূর্তি উপলক্ষে রাজস্থান সরকার এবং রাজস্থানের মানুষকে অভিনন্দন জানান। রাজস্থানের উন্নয়নকে এক নতুন গতি ও দিশা দেওয়ায় প্রধানমন্ত্রী রাজস্থানের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভাকেও অভিনন্দন জানিয়েছেন। এই প্রথম বছরটি আগামী বছরগুলির উন্নয়ন যাত্রার শক্তিশালী ভিত্তি হিসেবে কাজ করবে বলে তিনি মন্তব্য করেন। সম্প্রতি 'রাইজিং রাজস্থান সামিট, ২০২৪' শীর্ষক অনুষ্ঠানে তাঁর অংশগ্রহণের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সারা বিশ্ব থেকে বিনিয়োগকারীরা রাজস্থানে বিনিয়োগের আগ্রহ নিয়ে ওই সম্মেলনে উপস্থিত ছিলেন। রাজস্থানে আজ ৪৫ হাজার কোটি টাকারও বেশি উন্নয়ন প্রকল্পের সূচনা করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই প্রকল্পগুলি রাজ্যের জল সমস্যার সমাধান করবে এবং একে দেশের সবথেকে উন্নত যোগাযোগ ব্যবস্থা রয়েছে, এমন রাজ্যগুলির অন্যতম করে তুলবে। এর ফলে আরও বেশি বিনিয়োগকারী আসবেন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, পর্যটন শিল্পের প্রসার ঘটবে এবং কৃষক, মহিলা ও যুব সম্প্রদায় উপকৃত হবেন।

শ্রী মোদী বলেন, কেন্দ্র এবং এই রাজ্যের সরকার আজ সুশাসনের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। তারা যে সঙ্কল্প নেয়, তা পূরণ করে। মানুষ আজ তাঁর দলকেও সুশাসনের সঙ্গে একাকার করে দেখে বলে মন্তব্য করে তিনি বলেন, সেজন্যই এতগুলি রাজ্যে মানুষ তাঁর দলকে সমর্থন করছে। টানা তিনবার কেন্দ্রে ক্ষমতায় আসার জন্য ভারতের মানুষকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, গত ৬০ বছরে এমন নজির আর নেই। মহারাষ্ট্র ও হরিয়ানার বিধানসভা নির্বাচনে জয়লাভের জন্য তিনি এই দুই রাজ্যের মানুষকে ধন্যবাদ জানান।

রাজস্থানের পূর্বতন সরকারগুলিকে তাদের কাজের জন্য ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, শ্রী ভৈরোঁ সিং শেখাওয়াতের আমলে রাজ্যে উন্নয়নের ভিত্তি স্থাপিত হয়েছিল। শ্রীমতী বসুন্ধরা রাজে সিন্ধিয়া সুশাসনের ঐতিহ্যকে আরও এগিয়ে নিয়ে গেছেন। শ্রী ভজনলাল শর্মার নেতৃত্বে বর্তমান সরকার এই সুশাসনকে আরও সুপ্রতিষ্ঠিত করতে চাইছে বলে তিনি জানান। গত এক বছরে

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(একুশতম পর্ব)



তার পাঠানো একটি সাপ লক্ষিন্দরকে হত্যা করে। প্রচলিত প্রথা অনুসারে যারা সাপের দংশনে নিহত হত তাদের সৎকার প্রচলিত পদ্ধতিতে না করে তাদের মৃতদেহ ভেলায় করে নদীতে ভাসিয়ে দেয়া হত এ আশায় যে ব্যক্তিটি হয়ত কোন অলৌকিক পদ্ধতিতে ফিরে আসবে। বেহুলা সবার বাঁধা অগ্রাহ্য করে তার মৃত স্বামীর সাথে ভেলায় চড়ে বসে। তারা ছয় মাস ধরে যাত্রা করে এবং গ্রামের পর গ্রাম পাড়ি দিতে থাকে। এই অবস্থায় মৃতদেহ পঁচে যেতে শুরু করে এবং গ্রামবাসীরা তাকে মানসিক ভারসাম্যহীন মনে করতে থাকে। বেহুলা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বৈষ্ণবীয় শহর নদ্বীপের সর্বত্র শিব মন্দিরে গাজনে মাতলো বাবার ভক্তরা

অভিজিৎ সাহা, নবদ্বীপ

রাঢ়বঙ্গের শৈব সংস্কৃতির একটি বিশেষ অঙ্গ হল গাজন। গাজন কথাটির গা শব্দের অর্থ গাঁ বা গ্রাম এবং জন শব্দের অর্থ জনগণ অর্থাৎ এক কথায় গ্রামের জনগণের নিজস্ব উৎসব। আবার অনেকে বলেন গাজন শব্দটির অর্থ গর্জন। এই উৎসবে শিবের ভক্ত সন্ন্যাসীরা প্রচন্ড গর্জন করে বলে এই উৎসবের নাম গাজন। পুরনো বাংলা সালের বিদায় ঘন্টা বাজে গাজন উৎসবের মধ্য দিয়ে।চৈত্র মাসের সংক্রান্তির দিন চড়ক মেলা অনুষ্ঠিত হয়ে থাকে সর্বত্র। এই মেলার মধ্য দিয়েই বাংলা বছরের বিদায় ঘন্টা বাজে। শিবের গাজন উৎসবের একটি অঙ্গ। ব্রহ্মবৈবর্ত পুরাণে চৈত্র মাসের শিবের আরাধনা ও নাচ গানের উল্লেখ রয়েছে। পুরানে কথিত আছে, শিব উপাসক বান রাজা কৃষ্ণের সঙ্গে যুদ্ধে আহত হয়ে মহাদেবের আরাধনা করে অমরত্ব লাভের জন্য ভক্তি সূচক নৃত্য গান ও নিজের রক্ত দ্বারা শিবকে তুষ্ট করেন। ১৪৮৫ খ্রিস্টাব্দে সুন্দরা নন্দ ঠাকুর নামে এক রাজা প্রথমে এই পুজোর প্রচলন করেন।

শৈব,শাক্ত ও বৈষ্ণবদের মিলন ক্ষেত্র নবদ্বীপ। গোটা চৈত্র মাস ব্যাপী নবদ্বীপ বিধানসভা এলাকায় অবস্থিত শহরের প্রাচীন ৭টি শিবমন্দিরের মধ্যে প্রাচীন বুড়োশিব, যোগ নাথ শিব, চারি চারা পাড়ার বালক নাথ শিব , বালকনাথ শিব,দন্ড

এরপর ৬ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ব্রহ্মা তাকে বর দিয়ে অদৃশ্য হয়ে গেলেন । শনিদেবের ক্রোধের ফলে মানুষকে একদম নিস্তেজ করে দেয়, শনিদেবের নিজের ভাইয়ের উপর পড়েছিল।শনি দেব শক্তি প্রাপ্ত হবার পর শনি দেব তাঁর ভাইদের রাজ্য ছিনিয়ে নেওয়ার জন্য তৎপর হলেন ।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(২ পাতার পর)

# দীর্ঘদিন ধরে অসুস্থতার কারণে চলে গেলেন চাষার ব্যাটা আব্দুর রেজ্জাক মোল্লা, শোক প্রকাশ রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিভিন্ন মহল থেকে

সামলেছেন দীর্ঘদিন। জ্যোতি বসু এবং বুদ্ধদেব ভট্টাচার্য দু'জনেরই মন্ত্রিসভার মন্ত্রী ছিলেন রেজ্জাক মোল্লা।বুদ্ধদেবের সরকারে থাকাকালীন তাঁর সঙ্গে রেজ্জাকের সম্পর্ক কখনওই তেমন 'মসৃণ' ছিল না। রেজ্জাক বিভিন্ন সময়ে বুদ্ধদেব সম্পর্কে বহু 'বিরূপ' মন্তব্য করেছিলেন। ২০১১ সালে বামফ্রন্ট সরকারের যখন পতন হয়, সে সময়ে রেজ্জাক বুদ্ধদেব সম্পর্কে তির্যক মন্তব্য করে বলেছিলেন, 'হেলে ধরতে পারে না, কেউটে ধরতে যায়।' এই মন্তব্য ঘিরে রাজ্য রাজনীতিতে শোরগোল পড়ে গিয়েছিল সেই সময়। শুধু বুদ্ধদেবই নয়, বাম আমলের শিল্পমন্ত্রী নিরুপম সেনের সঙ্গেও রেজ্জাকের একাধিক বার বিরোধ বেধেছিল। পলিটব্যুরো সেই সময়ে সিপিএমের রাজ্য সম্পাদক মণ্ডলীকে সতর্কও করেছিল। এমনকি, ২০২১ সালে বিধানসভা নির্বাচনে সিপিএম 'শূন্য' হয়ে যাওয়ার পরে দলের কেন্দ্রীয় কমিটি যে পর্যালোচনা করেছিল, তাতেও উল্লেখ ছিল বুদ্ধদেব জমানার জমি অধিগ্রহণ নীতির 'ত্রুটির' কথা। সিপিএমের নথিতে স্পষ্ট উল্লেখ করা হয়েছিল যে, বুদ্ধদেবের নেতৃত্বাধীন বামফ্রন্ট সরকার যে ভাবে জমি অধিগ্রহণ করেছিল, তা দলের 'শ্রেণি দৃষ্টিভঙ্গি'র সঙ্গে খাপ খায় না। প্রসঙ্গত, পদ্ধতিগত ত্রুটির কথা পরবর্তী কালে মেনে নিয়েছিলেন বুদ্ধদেব নিজেও। ২০১৬ সালে সুপ্রিম কোর্ট 'অনিচ্ছুক' কৃষকদের জমি ফিরিয়ে দেওয়ার রায় দেয়। সেই সময়ে বুদ্ধদেব বলেছিলেন, "প্রক্রিয়াগত ত্রুটি থাকলেও উদ্দেশ্য সৎ ছিল।"২০১১ সালে রাজ্যে পালাবদলের পর ২০১৬ সালের বিধানসভা ভোটের আগে তৃণমূলে যোগ দিয়েছিলেন রেজ্জাক। সে বার ভোটে জিতে মুখ্যমন্ত্রী মমতার মন্ত্রিসভার মন্ত্রীও হন,ছিলেন ২০২১ সাল পর্যন্ত। ঘনিষ্ঠমহল সূত্রে খবর, অসুস্থতার কারণেই এর পর রাজনীতি থেকে দূরে সরে গিয়েছিলেন রেজ্জাক।রাজনীতি থেকে অবসর নেওয়ার পরে নিঃসঙ্গ রেজ্জাক ঘনিষ্ঠমহলে বহু বার বলেছেন, সিপিএমের লোকজন তাঁর অসুস্থতার খবর নিলেও বর্তমান শাসকদলের কেউ খবর রাখে না। যদিও তাঁর এক কালের 'শিষ্য' তথা বর্তমানে তৃণমূলের ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা মাঝে রেজ্জাকের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন তাঁর বাড়িতে, তাতে আপ্লুতও হয়েছিলেন রেজ্জাক। প্রসঙ্গত, এক সময়ে রেজ্জাকের হাত ধরেই রাজনীতির ময়দানে প্রবেশ শওকতের। সে সময়ে রেজ্জাকের 'দুই হাত' হিসাবে পরিচিত ছিলেন শওকত মোল্লা এবং সাত্তার মোল্লা। রেজ্জাক মোল্লার প্রয়াণে ডায়মন্ড হারবার বিধানসভার বিধায়ক পান্নালাল হালদার, ডায়মন্ড হারবার বিধানসভার পর্যবেক্ষক সামিম আহমেদ সহ এলাকার বিভিন্ন মহল থেকে শোক প্রকাশ করেন এবং তার পরিবারের প্রতি সমবেদনা জানান।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




## জেলা জুড়ে তৃণমূলের বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল

**নিজস্ব সংবাদদাতা, নদীয়া**

নদিয়া জেলার কৃষ্ণনগর নবদ্বীপ রোড স্টেশন চৌমাথা মোড়ে তৃণমূল কংগ্রেসের ধিক্কার মিছিল ও বিক্ষোভ সমাবেশ। ২৬ হাজার শিক্ষক শিক্ষিকা চাকুরী হারানোর প্রতিবাদে, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার শিকারে আজকে পরিবারের চোখের জলের বিনিময়ে আইনজীবি বিকাশ রঞ্জন ভট্টাচার্যের কারণে আজকে পথে বসেছে এই শিক্ষক-শিক্ষিকারা। তারাই প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ সমাবেশে। উপস্থিত ছিলেন মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস, প্রধান স্বপন ঘোষ, কার্তিক ঘোষ, ছাত্র পরিসদের ছাত্র ছাত্রী, তৃণমূলের কর্মী বৃন্দ।

একই সঙ্গে নবদ্বীপ শহরে ১১ই এপ্রিল, ২০২৫ (শুক্রবার), বড়ালঘাট শহীদ বেদীর পাদদেশ থেকে একটি প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়।

এই মিছিলের মাধ্যমে শিক্ষকদের চাকরি হরণের উদ্দেশ্যপ্রণোদিত ষড়যন্ত্র ও বিরোধীদের ঘৃণ্য ভূমিকার প্রতিবাদ জানাতে চায় তৃণমূল কংগ্রেস বলেন শহর কমিটির সভাপতি শ্যামাপ্রসাদ পাল। সম্প্রতি শিক্ষাক্ষেত্রে যেভাবে পরিকল্পিতভাবে শিক্ষক ছাঁটাইয়ের ঘটনা ঘটানো হচ্ছে, তা শুধুমাত্র শিক্ষক সমাজের ওপর আঘাত নয়, গোটা শিক্ষাব্যবস্থার উপর একটি গভীর সংকটের আভাস দিচ্ছে।

মিছিল শুরু হয় বিকেল ৪টা থেকে, এবং এতে শিক্ষক সমাজের প্রতিনিধি সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ যোগদান করেন। এই প্রতিবাদ আমাদের সম্মিলিত কণ্ঠস্বর—সত্য, ন্যায় ও প্রাপ্য অধিকারের পক্ষে বলেন পুরোপতি বিমান কৃষ্ণ সাহা।

(৪ পাতার পর)

# বৈষ্ণবীয় শহর নদ্বীপের সর্বত্র শিব মন্দিরে গাজনে মাতলো বাবার ভক্তরা

পানি শিব, বানেশ্বর শিব, আলোক নাথ শিব, এবং পলকেশ্বর শিব বিখ্যাত। আটটি পঞ্চায়েত এলাকার মধ্যে মাজদিয়া পঞ্চায়েতের গাজন তলার হংস বহন শিব, মায়াপুর বামন পুকুরের ইদ্রাকপুর গ্রামের গাজন তলা শিব, বাবলারি পঞ্চায়েতের সিদ্ধেশ্বরী পাড়ার সিদ্ধেশ্বর শিব মন্দির গুলো তো মহাসমরে এই গাজন উৎসব অনুষ্ঠিত হয়। উল্লেখ থাকে প্রতিটি শিব মন্দিরের প্রধান সন্ন্যাসী তাদের উত্তরীয় পরিয়ে দেন অন্য সন্ন্যাসীদের। পরিধান হিসাবে কেউ বাসন্তী কেউ গেরুয়া কেউবা লাল রঙের সঙ্গে গলায় রুদ্রাক্ষের মালা এবং লাল রংয়ের গামছা, কারো হাতে কমন্ডলু ত্রিশূল থাকে, সারাদিন নির্জলা উপবাস করে শিবের কাছেই থাকেন। সকাল সন্ধ্যায় শিবলিঙ্গের মাথায় গঙ্গাজল,ফুল, বেলপাতা নিবেদন করে সন্ধ্যায় সন্ধ্যা আরতির পরে রাতে নিয়ম করে মাটির পাত্রে হবিষ্য রান্না করে তারপর আহার করেন। ৮ থেকে ৮০ বাচ্চা, পুরুষ, মহিলা অনেকেই শিবের সন্ন্যাস গ্রহণ করে। কোন কোন ভক্ত ১৫ দিন ১৩ দিন ১১ দিন ৭ দিনের সন্ন্যাস গ্রহণ করে।

বৃহস্পতিবার সাত গাজন অর্থাৎ ঐতিহ্যবাহী সাত শিবের স্নান কে কেন্দ্র করে শিব কে নিয়ে স্নান করিয়ে নবদ্বীপের প্রাণকেন্দ্র পোড়ামাতলার পোড়া মা মন্দিরের প্রাঙ্গনে এসে মিলিত হয় বিভিন্ন বাজনা সহকারে।

যোগ নাথ শিব মন্দিরের প্রধান সন্ন্যাসী বাবুলাল গোস্বামী বলেন বিভিন্ন শিব মন্দিরের তুলনায় আমাদের শিব মন্দিরের সন্ন্যাস গ্রহণের সংখ্যাটা বেশি। আমাদের বাবাকে দশ দিন দশ রূপে সাজানো হয়। বাবলারি পঞ্চায়েতের সিদ্ধেশ্বর মন্দিরের সন্ন্যাসী অসিত দে (জগন্নাথ )বলেন এই বছর আমাদের প্রথম সন্ন্যাস নেওয়া হয়েছে সিদ্দেশ্বর মন্দিরে। তাতেই আমরা ব্যাপক সাড়া পেয়েছি। আগামী দিনে আশা রাখি অনেক ভক্তবৃন্দই এখানে সন্ন্যাসি হবেন।সন্ন্যাসীরা শিবকে মাথায় নিয়ে সলদল বলে বাড়ি বাড়ি গিয়ে গান-বাজনা করে অর্থ সংগ্রহ করেন। অনেকে রাতে শিবের আরাধনা ও শ্মশানে গিয়ে শ্মশান কালীর পুজো করেন। চড়ক পূজার আগের দিন হয় নীল। অর্থাৎ নীল চন্ডিকার পূজা। এই দিন সন্ন্যাসীরা শিব পার্বতী ও সঙ্গে একজন হনুমান সেজে বাড়ি বাড়ি গিয়ে নৃত্য করে চাল ডাল সহ অর্থ সংগ্রহ করে। নীলের পরের দিন হয় চড়ক পূজা। চৈত্র সংক্রান্তির দিন চড়ক পূজা অনুষ্ঠিত হয়। পুজোর আগের দিন চড়ক গাছ থেকে ধুয়ে মুছে পরিষ্কার করা হয়। নবদ্বীপের ফাঁসির ঘাটে চড়ক মেলা কে কেন্দ্র করে প্রচুর ভিড় জমায়েত হয় এই চড়ক খেলা দেখতে। চরক গাছে বাঁশ বেঁধে দুদিকে দড়ি ঝুলিয়ে দেওয়া হয়। সন্ন্যাসীদের পিঠে বড়শি গেঁথে দিয়ে সেই দড়িতে বেঁধে গাছের চারিদিকে ঝুলন্ত অবস্থায় ঘোরানো হয়। বিজ্ঞানের ভাষায় এটি একটি অমানবিক দিক। প্রাচীন কাল থেকেই এই রীতি চলে আসছে। পরের দিন পয়লা বৈশাখ সেদিন নিম ভাত মুখে দিয়ে নিয়ম ভঙ্গ করে গাজন উৎসবের সমাপ্ত হয়। এই হল বাঙালির বারো মাসের ১৩ পার্বণ।

## রাশিয়াকে ঠেকাতে ইউক্রেনকে আরও ৪৫০ মিলিয়ন পাউন্ড দেবে যুক্তরাজ্য

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যুক্তরাজ্য সরকার কিয়েভকে আরও ৪৫০ মিলিয়ন পাউন্ড সামরিক সহায়তা দেয়ার কথা ঘোষণা করেছে। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ওপর চাপ বাড়াতেই এই সিদ্ধান্ত নিয়েছে লন্ডন।

ইউক্রেনে রাশিয়াকে আগ্রাসন বন্ধ করতে বাধ্য করতেই বেলজিয়ামের ব্রাসেলসে ৫০টি দেশের প্রতিনিধিদের নিয়ে বৈঠক আয়োজন করার কথাও জানিয়েছেন যুক্তরাজ্যের প্রতিরক্ষাসচিব জন হিলি।

তিনি বলেন, রুশ আগ্রাসন প্রতিরোধে আমাদের আরও সক্রিয় হতে হবে। ইউক্রেনের প্রতিরক্ষা শক্তি বাড়ানোর মাধ্যমে অব্যাহত রাখতে হবে।



ইউক্রেনের জন্য যুক্তরাজ্যের সহায়তা প্যাকেজের মধ্যে রয়েছে কয়েক হাজার হাজার ড্রোন, অ্যান্টি-ট্যাংক মাইন। এ ছাড়া দেশটি কিয়েভের সামরিক যান মেরামতের জন্যও অর্থায়ন করছে।

প্যাকেজের মধ্যে যুক্তরাজ্য প্রায় ৩৫০ মিলিয়ন পাউন্ড দেবে। যুক্তরাজ্য-নেতৃত্বাধীন ইন্টারন্যাশনাল ফান্ড ফর ইউক্রেনের মাধ্যমে নরওয়ের কাছ থেকে বাকি অর্থ আসবে। এই প্যাকেজে ১৬০ মিলিয়ন পাউন্ড রাখা হয়েছে ইউক্রেনকে আগেই দেওয়া যানবাহন ও সরঞ্জাম ঠিকঠাক রাখতে ও মেরামতের জন্য।

(৩ পাতার পর)

## লাঠির বদলে গোলাপ! অভিনব প্রতিবাদে শিক্ষার ছাপ রাখলেন চাকরিহারা শিক্ষকরা

ওঁদের কষ্ট বুঝি, আর আজকের কাজটা মন ছুঁয়ে গেল। চাকরি হারানোর পর একের পর এক মামলা, আন্দোলন, পথে নামা—সবই হয়েছে। কিন্তু সমাজকে ভাবিয়ে তোলার জন্য এই শান্তিপূর্ণ অথচ বলিষ্ঠ বার্তাটাই হয়তো ছিল সবচেয়ে জরুরি। লাল গোলাপ যেন হয়ে উঠল প্রতিবাদের এক প্রতীক—ভালোবাসার, শিক্ষার, ও সুস্থ গণতন্ত্রের।এই প্রতিবাদ শুধু চোখে জল আনে না, মনেও প্রশ্ন তোলে—যাঁরা সমাজকে গড়ার কাজ করেন, তাঁদের কি এভাবেই পথে নামতে হবে ন্যায়ের জন্য? প্রতিবাদেও শিক্ষার ছাপ রেখে গেলেন বাংলার চাকরিহারা শিক্ষকরা।

# সিনেমার খবর

## সিকান্দারের প্রথম ৩ দিনের ব্যবসা কত? 'ভাইজান' সালমান কি মান রাখতে পারবেন!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



স্যাকনিল্কের মতে, মুক্তির দ্বিতীয় দিনে সিকান্দার ২৯ কোটি টাকা তোলে ভারতীয় বাজার থেকে। প্রথম মঙ্গলবার (৩য় দিন) ছবিটি বক্স অফিসে ১৭.৮১ কোটি টাকা আয় করেছে, যার ফলে ৩দিনে মোট আয় হয়েছে ৭২.৮১ কোটি টাকা। বিশ্বব্যাপী আয় বর্তমানে ৯৫ কোটি টাকা ছাড়িয়েছে। যদিও ছবিটি ভিকি কৌশলের ‘ছাবা’ বা মোহনলালের ‘এল২: এমপুরান’কে ছাপিয়ে গিয়ে বছরের সর্বোচ্চ ওপেনিং আয়ের রেকর্ড করতে পারেনি।

যদিও নির্মাতাদের দেওয়া পরিসংখ্যান খানিক আলাদা। জানানো হয়েছে, ছবিটি প্রথম দিনে ভারতে ৩৫.৪৭ কোটি এবং দ্বিতীয় দিনে ৩৯ কোটি আয় করেছে এবং বিশ্বব্যাপী বক্স অফিসে ১০০ কোটির মাইলফলক অতিক্রম করেছে। তবে সলমন খানের সিনেমা, আরও স্পষ্টভাবে বললে, ভাইজানের ইদ রিলিজ হিসেবে এই সংখ্যা কিছুটা হতাশাজনক বলে মনে হচ্ছে।

সিকান্দারে কি আছে?

অ্যাকশন থ্রিলারটি পরিচালনা করেছেন এআর মুরুগাদোস, যিনি গজিনি এবং দরবারের মতো ছবির জন্য সর্বাধিক পরিচিত। ২০২৩ সালে সলমন খানের শেষ মুক্তিপ্রাপ্ত ছবি ‘কিসি কা ভাই কিসি কি জান’-এর ব্যর্থতার পর এটি সলমনের বড় পর্দায় প্রত্যাবর্তন ছিল। তবে দর্শকরা সিকন্দরের গল্পের সঙ্গে একাত্মবোধ করতে পারেননি একদমই।

সিকন্দরে সলমনের সঙ্গে অভিনয় করেন সত্যরাজ, রশ্মিকা মন্দনা, কাজল আগরওয়াল, শরমন ঝোশি, প্রতীক বব্বররা।

সলমনকে নিয়ে সিকন্দর তৈরির বিষয়ে বলতে গিয়ে এআর মুরুগাদোস পিটিআইকে বলেন, ‘যখন আপনি সুপারস্টারদের সঙ্গে কাজ করেন, তখন আপনি স্ক্রিপ্টের প্রতি ১০০ শতাংশ সত্যবাদী হতে পারেন না। দর্শকদের জন্য, ভক্তদের জন্য আমাদের আপস করতে হয়। পরিচালক হিসেবে আমরা ১০০ শতাংশ সত্যবাদী হতে পারি না। আমাদের ভক্তদের সন্তুষ্ট করতে হবে এবং তাদের সম্পর্কে ভাবতে হবে।’

## সর্বোচ্চ পারিশ্রমিকের নজির গড়লেন প্রিয়াঙ্কা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড-হলিউডে দুই জায়গাতেই সমানভাবে দাঁপিয়ে বেড়াচ্ছেন প্রিয়াঙ্কা চোপড়া। অবশেষে এবার গড়লেন নতুন রেকর্ড। এবার সবচেয়ে বেশি পারিশ্রমিকে চুক্তিবদ্ধ হয়ে গড়লেন নতুন রেকর্ড। পরিচালক রাজমৌলির সিনেমা দিয়ে ভারতের সর্বোচ্চ পারিশ্রমিক প্রাপ্ত অভিনেত্রী হচ্ছেন প্রিয়াঙ্কা। বর্তমানে বলিউডের কাজে তেমন দেখা যায় না দেশি গার্ল খ্যাত এই বিশ্ব সুন্দরীকে। তিনি এখন হলিউডেই বেশি মনযোগী।

এদিকে ‘আরআরআর’ সিনেমায় ব্যাপক সাফল্যের পর নির্মাতা রাজমৌলি নির্মাণ করতে যাচ্ছেন ‘এসএসএম ২৯’। শোনা যাচ্ছে বেশ আগেই রাজমৌলি প্রিয়াঙ্কাকে ছবির অফার দিয়েছিলেন। কিন্তু বেশি পারিশ্রমিক চেয়ে বসেন অভিনেত্রী। অবশেষে প্রিয়াঙ্কার চাহিদার কাছে হার মানতেই হলো পরিচালককে।

তথ্য মতে, ৩০ কোটি ভারতীয় রুপিতে সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন এই তারকা। এতো পারিশ্রমিকে এর আগে বলিউডে কোনো অভিনেত্রী কাজ পাননি।

এর আগে, দীপিকা প্রতি সিনেমা বাবদ ১৫-২০ কোটি রুপি নিতেন। তাকেও টপকে গেলেন প্রিয়াঙ্কা। নতুন সিনেমায় প্রিয়াঙ্কার বিপরীতে অভিনয় করবেন মহেশ বাবু।

## যে কারণে পরমব্রত’র সঙ্গে কৌশানীর অভিনয়ে আপত্তি ছিল বনির

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



পরমব্রত চ্যাটার্জি ও কৌশানী মুখার্জি

ওপার বাংলার নির্মাতা সৃজিত মুখার্জি প্রায় ১২ বছর আগে নির্মাণ করেছিলেন ‘হেমলক সোসাইটি’। আলোচিত এই সিনেমাটির আদলেই এবার তৈরি করেছেন ‘কিলবিল সোসাইটি’। ২০১২ সালে হেমলক সোসাইটির মতো কিলবিল সোসাইটিতে কেন্দ্রীয় চরিত্রে অভিনেতা পরমব্রত চ্যাটার্জি অভিনয় করলেও এবার তার বিপরীতে কোয়েল মল্লিকের পরিবর্তে নেওয়া হয়েছে কৌশানী মুখার্জিকে।

‘কিলবিল সোসাইটি’ সিনেমায় পরমব্রত-কৌশানীর চুম্বন দৃশ্য রয়েছে। যেটা কৌশানীর জন্য নতুন এক অভিজ্ঞতা। কারণ প্রথমবার সিনেমায় চুম্বন দৃশ্যে অভিনয় করলেন তিনি। আনন্দবাজারকে দেওয়া এক সাক্ষাৎকারে সেই অভিজ্ঞতার গল্পই তুলে ধরলেন এই অভিনেত্রী। জানালেন, পরমব্রত নাকি বলিউডের সিরিয়াল কিসার ইমরান হাশমির মতোই চুমু খায়!

‘কিলবিল সোসাইটি’ সিনেমায় যুক্ত হওয়ার গল্প জানিয়ে কৌশানী মুখার্জি বলেন, “সৃজিতদা আমাকে প্রথম ফোন করে ডাকেন। জিজ্ঞাসা করেন, ‘তোর চুমু খেতে অসুবিধা আছে?’ আমি বলেছিলাম, ‘হ্যাঁ, অসুবিধা তো নিশ্চয়ই আছে।’ তারপর সৃজিতদা জানান, সিনেমায় চুমু খাওয়াটা চিত্রনাট্যের জন্য জরুরি। আমি চিত্রনাট্য শুনলাম, শুনে আর না বলার প্রশ্নই ছিল না। অসাধারণ গল্প!

তবে পরমব্রত চ্যাটার্জির সঙ্গে চুম্বন দৃশ্যে প্রেমিক বনি সেনগুপ্তর আপত্তি ছিল বলে জানিয়েছেন কৌশনী। অভিনেত্রীর ভাষ্য, ‘সঙ্গী হিসেবে তো যে কারো অসুবিধা হবে। বাড়ি ফেরার পর কিছুক্ষণ নিস্তব্ধ একটা পরিস্থিতি ছিল। আমরা সম্পর্কে আসার পর পর্দায় এই প্রথম এমন দৃশ্যে অভিনয় করা হয়েছে। একটা চ্যালেঞ্জ তো ছিলই, সেটা অতিক্রম করতে হয়েছে।’

# রিয়ালে নিজের ভবিষ্যৎ নিয়ে যা বললেন ব্রাজিলিয়ান তারকা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



কোপা দেল রের শ্বাসরুদ্ধকর সেমিফাইনালে রিয়াল সোসিয়েদাদকে হারিয়ে ফাইনালের টিকিট নিশ্চিত করেছে রিয়াল মাদ্রিদ। দুই লেগ মিলিয়ে ৫-৪ গোলের উত্তেজনাপূর্ণ জয়ে শিরোপার আরও কাছাকাছি পৌঁছেছে লস ব্লাঙ্কোসরা। তবে ম্যাচ শেষে আলোচনার কেন্দ্রবিন্দুতে ব্রাজিলিয়ান তরুণ তারকা এনড্রিক, যিনি নিজের ভবিষ্যৎ নিয়ে স্পষ্ট বার্তা দিয়েছেন।

সান্তিয়াগো বার্নাব্যুতে অনুষ্ঠিত ফিরতি লেগে নির্ধারিত ৯০ মিনিট শেষে ম্যাচের ফলাফল ছিল ৪-৪। অতিরিক্ত সময়ে ম্যাচের ভাগ্য নির্ধারণ করেন আন্তোনিও রুডিগার। ১১৫ মিনিটে দুর্দান্ত এক হেডারে দলকে ফাইনালে পৌঁছে দেন তিনি। তবে ম্যাচে অন্যতম আলোচিত মুহূর্ত ছিল এনড্রিকের গোল। ৩০ মিনিটে দুর্দান্ত এক শটে সমতায় ফেরান এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। এই গোলেই ২০১৩ সালের পর থেকে টুর্নামেন্টটির এক আসরে পাঁচ গোল করা প্রথম খেলোয়াড় হলেন এনড্রিক। এটি শেষবার করেছিলেন ক্রিশ্চিয়ানো রোনালদো।

ম্যাচ শেষে নিজের ভবিষ্যৎ নিয়ে মুখ খুলেছেন এনড্রিক। যেকোনো ধোঁয়াশা দূর করে তিনি জানিয়ে দিয়েছেন, দীর্ঘদিন রিয়াল মাদ্রিদেই থাকতে চান। তিনি বলেন, 'আমি রিয়াল মাদ্রিদকে ভালোবাসি! এখানে থাকতে ভালো লাগে, এই ক্লাব আমার স্বপ্ন। আমি এখানে শিখতে, উন্নতি করতে এবং সেরা পারফরম্যান্স দিতে এসেছি। প্রতিটি মুহূর্ত উপভোগ করতে চাই এবং সারাজীবন এখানে থাকতে চাই।'

রিয়ালের মতো বিশ্বসেরা ক্লাবে খেলার চ্যালেঞ্জের বিষয়েও সচেতন এনড্রিক। দলে ভিনিসিয়ুস জুনিয়র, কিলিয়ান এমবাপ্পে, রদ্রিগো এবং জুড বেলিংহামের মতো তারকারা থাকায় প্রতিযোগিতা বেশ কঠিন হবে বলেই মনে করছেন তিনি।

এনড্রিক বলেন, 'আমাকে প্রতিটি সুযোগ কাজে লাগাতে হবে। এখানে খেলা কঠিন, কারণ বিশ্বের সেরা খেলোয়াড়রা এখানে আছে। তবে সুযোগ পেলে গোল করেই নিজের মূল্য প্রমাণ করতে হবে। আজকের ম্যাচে নিজের ষষ্ঠ গোল করতে পেরে এবং দলকে সাহায্য করতে পেরে আমি আনন্দিত।'

এনড্রিক আরও যোগ করেন, 'ভিনিসিয়ুস, এমবাপ্পে, রদ্রিগো, বেলিংহাম—চারজনই বিশ্বসেরা খেলোয়াড়। আমি তো কিছুই না। আমি এখানে কঠোর পরিশ্রম করতে এসেছি। কে শুরু করবে, সেটা গুরুত্বপূর্ণ নয়, দল জিতলেই আমি খুশি।'

কোপা দেল রের ফাইনালে উঠায় রিয়াল মাদ্রিদের এখন নজর লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগের লড়াইয়ে। আগামী ৫ এপ্রিল লা লিগায় ভ্যালেন্সিয়ার মুখোমুখি হবে কার্লো আনচেলত্তির দল। এরপর চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে প্রতিপক্ষ আর্সেনাল। কঠিন প্রতিযোগিতার মাঝে ফর্ম ধরে রাখতে মরিয়া থাকবে রিয়াল মাদ্রিদ।

## গেইলের মতে, আইপিএলের স্বার্থেই ধোনিকে দরকার



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) ইতিহাসে সবচেয়ে সফল দুই দল মুম্বই ইন্ডিয়ান্স ও চেন্নাই সুপার কিংস। দু'দলই পাঁচবার করে শিরোপা জিতেছে। মুম্বাইয়ের সাফল্যের নেপথ্যে যেমন রোহিত শর্মা, তেমনি চেন্নাইয়ের সাফল্যের মূল কারিগর মহেন্দ্র সিং ধোনি।

চলতি আসরে চেন্নাই সুপার কিংস প্রথম ম্যাচে জয় পেলেও পরের দুই ম্যাচে হেরে গেছে। বিশেষ করে ঘরের মাঠে ১৭ বছর পর রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর (আরসিবি) বিপক্ষে হার তাদের জন্য বড় ধাক্কা। এরপরই ধোনির ব্যাটিং পজিশন নিয়ে বিতর্ক শুরু হয়। কেন তিনি ৯ নম্বরে নেমেছিলেন, তা নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকেই। এবার সেই আলোচনায় যোগ দিলেন ওয়েস্ট ইন্ডিজের বিধ্বংসী ব্যাটসম্যান ক্রিস গেইল।

এক সাক্ষাৎকারে গেইল স্পষ্ট জানিয়েছেন, আইপিএলের স্বার্থেই ধোনিকে যতদিন সম্ভব এই টুর্নামেন্টে দরকার। তিনি বলেন, 'ধোনি আইপিএলকে যা দিয়েছে, তা অন্য কারও সঙ্গে তুলনা করা সম্ভব নয়। এই লিগে তার উপস্থিতি এক অনন্য মূল্যবোধ যোগ করে। যদি সবাই চায় ধোনি আরও বেশি দিন আইপিএলে খেলুক, তাহলে তার ওপর অযথা চাপ সৃষ্টি করা উচিত নয়। কারণ এতে ভুল বার্তা দেওয়া হতে পারে।'

গেইল আরও বলেন, 'ধোনি তিন নম্বরে নামুক বা ১১ নম্বরে, তাতে কিছু আসে যায় না। দর্শকরা শুধু তার একটা ঝলক দেখতে চায়। তিনি চেন্নাইয়ের প্রাণ, আইপিএলেরও গুরুত্বপূর্ণ অংশ।'

গেইল মনে করেন, ভক্তদের ধোনিকে নিয়ে আরও সংযত হওয়া উচিত। তিনি চেন্নাইকে পাঁচটি আইপিএল শিরোপা এনে দিয়েছেন এবং তার নেতৃত্বের দক্ষতা বারবার প্রমাণিত। তাই শুধুমাত্র এক-দুই ম্যাচের ফলের ভিত্তিতে তাকে বিচার করা উচিত নয়।

সমর্থকদের উদ্দেশে 'ইউনিভার্স বস' গেইলের সতর্কবার্তা, 'যে ব্যক্তি এতগুলো ট্রফি জিতেছেন, যদি তিনি আইপিএল থেকে বিদায় নেন, তাহলে শুধু চেন্নাই নয়, পুরো আইপিএলের জনপ্রিয়তাও ক্ষতিগ্রস্ত হবে।'

গেইলের মতে, ধোনির মতো কিংবদন্তির জন্য সমর্থকদের আরও সহনশীল হওয়া উচিত। তিনি চেন্নাই সুপার কিংস ও আইপিএলের জন্য অমূল্য সম্পদ। তাই ধোনিকে নিয়ে অতিরিক্ত চাপ তৈরি করা হলে, সেটি পুরো টুর্নামেন্টের জন্য নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

## দক্ষিণ আফ্রিকার দায়িত্ব ছাড়লেন ওয়াল্টার

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

চুক্তি ছিল চার বছরের। তবে পথচলা থামল দুই বছরেই। দক্ষিণ আফ্রিকার সীমিত ওভারের দলের কোচের দায়িত্ব থেকে পদত্যাগ করলেন রব ওয়াল্টার।

দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়ায় যৌথভাবে অনুষ্ঠেয় ২০২৭ ওয়ানডে বিশ্বকাপ পর্যন্ত চুক্তির মেয়াদ ছিল ওয়াল্টারের। ব্যক্তিগত কারণে তার সরে দাঁড়ানোর কথা মঙ্গলবার এক বিবৃতিতে জানিয়েছে ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ)।

যদিও ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফোর খবর, ওয়াল্টারের কোচিংয়ে দক্ষিণ আফ্রিকার দ্বিপাক্ষিক সিরিজগুলোর ফল ভালো না হওয়ায় চাপের মুখে ছিলেন তিনি। আবার তিনি থাকেন নিউ জিল্যান্ডে, সেখান থেকে বারবার ভ্রমণও তার ওপর প্রভাব ফেলছিল।

ওয়াল্টারের হাত ধরেই প্রথমবারের মতো বিশ্বকাপের ফাইনালে খেলে দক্ষিণ আফ্রিকা, ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপের ওই ফাইনালে শিরোপা জয়ের সম্ভাবনা জাগিয়েও তারা নাটকীয়ভাবে হেরে যায় ভারতের বিপক্ষে। ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে তারা খেলে সেমি-ফাইনালে। সবশেষ, এই বছরের চ্যাম্পিয়ন্স ট্রফিতেও সেমি-ফাইনালে জায়গা করে নেয় প্রোটিয়ারা।



তবে এই সময়ে দ্বিপাক্ষিক সিরিজগুলোতে তারা ভালো করতে পারেনি। ওয়াল্টারের কোচিংয়ে সাতটি দ্বিপাক্ষিক ওয়ানডে সিরিজ খেলে তিনটিতে হারে তারা। এর মধ্যে প্রথমবারের মতো হোয়াইটওয়াশড হয় পাকিস্তানে বিপক্ষে। এছাড়া আটটি টি-টোয়েন্টি সিরিজ খেলে তারা জিততে পারে স্রেফ একটি।

যদিও খুব কম সময়ই পূর্ণ শক্তির দল পেয়েছেন ওয়াল্টার। নিয়মিত ক্রিকেটারদের অনেককে কখনও দেওয়া হয়েছে বিশ্রাম, কখনও তারা খেলেছেন ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট।

ওয়াল্টারের বিদায়ের পর সম্ভাব্য নতুন কোচ হওয়ার লড়াইয়ে আছেন দক্ষিণ আফ্রিকার সাবেক স্পিনার রবিন পিটারসন। তার কোচিংয়ে এই বছরের শুরুতে এসএ টি-টোয়েন্টির শিরোপা জয় করে এমআই কেপ টাউন।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR